# ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

## শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ-এর নিম্নলিখিত শূন্যপদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ইতোপূর্বে যাঁরা আবেদন করেছেন তাঁদের আর নতুন করে আবেদনের প্রয়োজন নেই।

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১টি | গ্রেড-৬ ৩৫,৫০০/- ৬৭,০১০/- সহ অষ্টম জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী প্রদেয় ভাতাদী | ক) সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীর ইংরেজি/ELT/TESOL/APPLIED LINGUISTICS বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।<br>খ) ইংরেজি/ELT/TESOL/APPLIED LINGUISTICS বিষয়ে প্রার্থীর পিএইচ.ডি ডিগ্রি থাকতে হবে।<br>গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/ মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফল মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়ার্ল্ড র‌্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকায় এ ক্রমধারা শিথিলযোগ্য।<br>ঙ) প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতা, স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত ০১ (এক) বছরের পোষ্ট ডক্টোরাল অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First/ Corresponding Author হিসেবে ন্যূনতম ০২(দুই)টি প্রকাশনা হতে হবে। |
| ২ | প্রভাষক (ইংরেজি) | ২টি | গ্রেড-৯ ২২,০০০/- ৫৩,০৬০/- সহ অষ্টম জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী প্রদেয় ভাতাদী | ক)প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীর ইংরেজি/ELT/TESOL/ APPLIED LINGUISTICS বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতককোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>গ)স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয় ভিত্তিক ওয়ার্ল্ড র‌্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।<br>ঘ) এমফিল/পিএইচডি ডিগ্রীধারী প্রার্থী এবং স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন। |

সকল পদের আবেদন ফরম রাজশাহী বিশ্ববিদ্যালয় Website-এর Recruitment Link-এ অথবা ইনস্টিটিউটের নিজস্ব Website এর www.ru.ac.bd/ieol লিংক থেকে ডাউনলোড করা যাবে। ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ-এর পরিচালকের অনুকূলে কেবল মাত্র অগ্রণী ব্যাংক হতে সহকারী অধ্যাপক পদের জন্য ১৫০০/- টাকার, প্রভাষক পদের জন্য ১০০০/- টাকার ডিডি/পে-অর্ডার সংযুক্ত করে প্রতিটি পদের জন্য ১১ সেট করে আবেদন আগামী ৩০-০৮-২০২৫ তারিখের মধ্যে পরিচালক, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে। উল্লেখ্য, চাকরিজীবী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পরে অথবা অসম্পন্ন আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

**বিশেষ দ্রষ্টব্য:**

১. ইতোপূর্বে আবেদনকারীদের কেউ অতিরিক্ত যোগ্যতার তথ্যাবলী যুক্ত করতে চাইলে নতুনভাবে আবেদন করতে পারবেন।

২. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. নিয়োগ বোর্ড নথিপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকারের মাধ্যমে সহকারী অধ্যাপক/প্রভাষক পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। তবে প্রয়োজনে সাক্ষাৎকারের পূর্বে ডেমোনেস্ট্রেশন/লিখিত পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

৫. নিয়োগ বিজ্ঞপ্তির পর উপর্যুক্ত শর্তপূরণকারী প্রার্থীর আবেদন না পাওয়া গেলে প্রয়োজনে ইনস্টিটিউট কমিটির সুপারিশের ভিত্তিতে ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স-এর ফলাফলের যে কোনো একটি শর্ত শিথিল করে পুন:বিজ্ঞপ্তির মাধ্যমে সহকারী অধ্যাপক/প্রভাষক পদে নিয়োগ দেয়া যেতে পারে। তবে শিথিল করার জন্য প্রস্তাবিত কোনো শর্তই ইউজিসি প্রণীত "পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকায়" উল্লেখিত শর্তের চাইতে কম হবে না।

৬. স্নাতক/স্নাতক (সম্মান)-এর সিজিপিএ ও স্নাতকোত্তর/মাস্টার্সে জিপিএ-এর ক্ষেত্রে দশমিকের পরে তিন ডিজিট থাকলে এবং তৃতীয় ডিজিট ৫ বা তদুর্ধ্ব হলে দ্বিতীয় ঘরে ১ যোগ হবে। সেক্ষেত্রে ফলাফল দশমিকের পর দুই ডিজিট নিয়ে বিবেচিত হবে।

৭. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের দুটো মিলিয়ে ন্যূনতম পাঁচ বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৮. প্রয়োজন মনে করলে ইনস্টিটিউট নিয়োগ বিজ্ঞপ্তিতে বিশেষ/অতিরিক্ত শর্তারোপের সুপারিশ করতে পারবে।

স্বা/-

**পরিচালক**

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ

রাজশাহী বিশ্ববিদ্যালয়